

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-১১৫

তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

স্থায়ী কমিটির সভার নোটিশ :

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ০৪ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :


- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

প্রাপক

জনাব.....

.....

নাগেশ্বরী, কুড়িগ্রাম।



(মোঃ আব্দুর রাজ্জাক মিয়া)
সদস্য সচিব

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
ও

উপজেলা সমবায় অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উ/সমবায়/অ/নাগ/কুড়ি/২০২১/ ১১৫(৩)

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নিবাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

তারিখ :

স্বাক্ষর

(মোঃ আব্দুর রাজ্জাক মিয়া)
সদস্য সচিব






উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
ও

উপজেলা সমবায় অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

- বিষয় : উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।
তারিখ : ০৪ অক্টোবর ২০২১, সময় : বিকাল ০৩.০০ টা
স্থান : উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১	মোঃ রুকনুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সভাপতি	 ০৪/১০/২১	
২	চেয়ারম্যান, নারায়নপুর ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য	 ০৪/১০/২১	
৩	চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম।	সদস্য		
৪	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য	 ০৪/১০/২১	
৫	উপজেলা সমবায় অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম।	সদস্য সচিব		

আলোচ্য বিষয় :

- ১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ২। অর্থ সংক্রান্ত।
- ৩। উন্নয়ন মূলক।
- ৪। অপারেশনাল।
- ৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ৪-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা সমবায় অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা সমবায় অফিসার জানান যে, অত্রাফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। চলতি অর্থ বছরের জন্য বরাদ্দ আসলে তা যথাসময়ে সভায় উপস্থাপন করা হবে।

৩নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তেমন কোন সমস্যা নেই। বিভিন্ন সমবায় সমিতির অনকূলে ঋণ প্রদান, ও আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত ব্যক্তিদের অনকূলে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান আছে। এছাড়া পল্লী উন্নয়ন দপ্তরের মাধ্যমে গরীব মহিলাদের বিভিন্ন উন্নয়ন মূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি জানান যে, উপজেলার সকল ইউনিয়নের গরীব অসহায় মানুষদের বিভিন্ন উন্নয়ন মূলক প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। যাতে তারা প্রশিক্ষণের মাধ্যমে কিছু শিখে কিছু করে খেতে পারে।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রুকনুজ্জামান)

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।